



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/৩৩৮

তারিখ : ২৯/০৭/২০২১ খ্রি।

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত।

সূত্রঃ আন্তঃশিক্ষা বোর্ডের স্মারক নং-৭৯, তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পুনর্নির্ন্যাসকৃত সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী শুধু গুণভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

১। ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রভুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যিক।

২। ক) ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গুণভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

খ) আংশিক বিষয়ে অকৃতকার্য(এক/দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তাঁর অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। উদাহরণস্বরূপ- একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা(আবশ্যিক বিষয়) ও রসায়ন(নৈর্বাচনিক বিষয়)-এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।

গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।


৩। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইট থেকে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপক:

প্রতিষ্ঠান প্রধান,

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।


(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫

Email : conbisemym@gmail.com